গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ডুমুরিয়া, খুলনা।

স্মারক নং-৩১.৪৪.৪৭৭৫.০০০.৯৯.০১৪.২৬- তারিখ: ২২ আশ্বিন, ১৪৩৩
০৭ অক্টোবর, ২০২৬

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডুমুরিয়া উপজেলাধীন "সালতা নদী পুনরুজ্জীবিত, দূষণমুক্তকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় সালতা এলাকার নদী পুন: খননের ফলে স্তুপকৃত মাটি প্রকাশ্যে নিলাম করা হবে। উক্ত নিলাম আগামী ১২/১০/২০২৬ খ্রি. তারিখ রোজ সোমবার বিকাল ৩:০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত প্রকাশ্য নিলামে অংশগ্রহণের জন্য আগ্রহী ব্যক্তিকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	লটের বিবরণ	লটের বিবরন দৈর্ঘ্য (মি.)	অক্ষাংশ/ দ্রাঘিমাংশ	মাটির পরিমান (সি এফ টি)
০১	১) কিঃ মিঃ ২.০০০ হতে কিঃ মিঃ ২.৪০০	৪০০.০০ মি.	৭৫২৫০৪	৮৮০৪২৬.৮৮৫
	মহাসিন বিশ্বাসের ঘেরের পশ্চিম মাথা হতে নগেন দাশের ঘের		২৫২১৪৮৪	
০২	২) কিঃ মিঃ ২.৪০০ হতে কিঃ মিঃ ২.৭০০	৩০০.০০ মি.	৭৫২২৪২	৬৬০৩২০.১৬৩
	নগেন দাশের ঘের হতে তালতলা জামে মসজিদ		২৫২১৪১৯	
০৩	৩) কিঃ মিঃ ২.৭০০ হতে কিঃ মিঃ ৩.০০০	৩০০.০০ মি.	৭৫২৩৭৬	৬৬০৩২০.১৬৩
	তালতলা জামে মসজিদ হতে গণেশ মন্ডলের ঘের		২৫২১৬৬১	
০৪	৪) কিঃ মিঃ ৩.০০০ হতে কিঃ মিঃ ৩.৪০০	৪০০.০০ মি.	৭৫২১০১	১০৮১৬৬৮.১৭৯
	গণেশ মন্ডলের ঘের হতে বালে খালি শ্মশান ঘাট		২৫২১৫৯৬	
০৫	৫) কিঃ মিঃ ৩.৪০০ হতে কিঃ মিঃ ৩.৮০০	৪০০.০০ মি.	৭৫১৭০৫	১০৮১৬৬৮.১৭৯
	বালে খালি শ্মশান ঘাট হতে নদীর অপর সাইট এ মাহাবুব মোড়লের বাড়ি		২৫২১৫৯৫	
০৬	৬) কিঃ মিঃ ৩.৮০০ হতে কিঃ মিঃ-৪.২০০	৪০০.০০ মি.	৭৫১৩৫২	১২১৭৬৮০.৮৮৬
	নদীর অপর সাইট এ মাহাবুব মোড়লের বাড়ি হতে সুবকার বৈরাগীর ঘের		২৫২১৭৭৮	
০৭	৭) কিঃ মিঃ ৪.২০০ হতে কিঃ মিঃ ৪.৬০০	৪০০.০০ মি.	৭৫১০৮৯	১২১৭৬৮০.৮৮৬
	সুবকার বৈরাগীর ঘের হতে সানারুল মোড়েলের বাড়ি, গ্রাম-বান্দা		২৫২২০৭৪	
০৮	৮) কিঃ মিঃ ৪.৬০০ হতে কিঃ মিঃ ৫.০০০	৪০০.০০ মি.	৭৫০৭৯২	১২১৭৬৮০.৮৮৬
	সানারুল মোড়েলের বাড়ি, গ্রাম-বান্দা হতে মিজান মোড়লের ঘের		২৫২২৩০৪	
০৯	৯) কিঃ মিঃ ৫.০০০ হতে কিঃ মিঃ ৫.৪০০	৪০০.০০ মি.	৭৫০৪৪৩	১১১২৩০৬.৮০৭
	মিজান মোড়লের ঘের হতে হারধন সরদারের বাড়ি, গ্রাম-কাটাখালি		২৫২২৩৬৫	
১০	১০) কিঃ মিঃ ৫.৪০০ হতে কিঃ মিঃ ৫.৭০০	৩০০.০০ মি.	৭৫০২৩৪	৮৩৪২৩০.১০৫
	হারধন সরদারের বাড়ি, গ্রাম-কাটাখালি হতে নজরুল গাজীর বাড়ি, গ্রাম-কাটাখালি		২৫২২৩৮৮	
১১	১১) কিঃ মিঃ ৫.৭০০ হতে কিঃ মিঃ ৫.৬০০	৩০০.০০ মি.	৭৫০০২৪	৮৩৪২৩০.১০৫
	নজরুল গাজীর বাড়ি, গ্রাম-কাটাখালি হতে আরিফ শেখের বাড়ি, গ্রাম-কাটাখালি		২৫২২৫৩৫	
১২	১২) কিঃ মিঃ ৬.০০০ হতে কিঃ মিঃ ৬.৪০০	৪০০.০০ মি.	৭৪৯৮৬০	১১৯৭০৬১.৮২৪
	আরিফ শেখের বাড়ি, গ্রাম-কাটাখালি হতে ওলিয়ার রহমানের গাজীর বাড়ি, গ্রাম-পূর্ব ডুমুরিয়া		২৫২২৭৮৯	

১৩	১৩) কিঃ মিঃ ৬.৪০০ হতে কিঃ মিঃ ৬.৭০০ ওলিয়ার রহমানের গাজীর বাড়ি, গ্রাম-পূর্ব ডুমুরিয়া হতে ইলিয়াছ গাজীর বাড়ি	৩০০.০০ মি.	৭৪৯৯৩৫ ২৫২৩০৬৬	৮৯৭১৯৬.৩৬৮
১৪	১৪) কিঃ মিঃ ৬.৭০০ হতে কিঃ মিঃ ৭.০০০ কাজী আলমগীরের বাড়ি	৩০০.০০ মি.	৭৪৯৯৪৪ ২৫২৩০৬৭	৮৯৭১৯৬.৩৬৮

উল্লেখ্য প্রকাশ্যে নিলাম নিম্নোক্ত শর্ত সাপেক্ষে পরিচালিত হবে:

১। নিলামকৃত মাটি যেখানে যে অবস্থায় আছে সেই ভিত্তিতে উন্মুক্ত ডাক অনুষ্ঠিত হবে।

২। প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে জামানত হিসাবে প্রতি ঘনফুটের ভিত্তি মূল্য ০.৫০ টাকা হিসেবে লটের মোট মূল্যের ২৫% টাকা নগদ জমা দিতে হবে। অন্যথায় নিলাম ডাকে অংশ গ্রহণ করা যাবে না।

৩। কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে আগামী ১৪/১০/২০২৬ খ্রি. তারিখের মধ্যে উদ্ধৃত মূল্য এবং উদ্ধৃত মূল্যের ১০% আয়কর ও ১৫% ভ্যাটসহ টাকা এ চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কোডে জমা দিতে হবে। (এক্ষেত্রে জামানতের দেওয়া অর্থ নিলামকৃত অর্থের সাথে সমন্বয় করা যেতে পারে)। উক্ত টাকা সংশ্লিষ্ট কোডে জমা না হওয়া পর্যন্ত নিলামকৃত মাটির কার্যাদেশ প্রদান করা হবে না। অন্যথায় জামানত বাজেয়াপ্ত সহ কার্যাদেশ বাতিলের ব্যবস্থা নেওয়া হবে। এক্ষেত্রে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৪। নির্ধারিত সময়ের মধ্যে নিলাম ডাকের টাকা জমা দিতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

৫। কার্যাদেশ প্রদানের ৫ (পাঁচ) দিনের মধ্যে নিলামকৃত মাটি সংশ্লিষ্ট নিলাম গ্রহীতাকে নিজ দায়িত্বে ও খরচে আবশ্যিকভাবে সরিয়ে নিতে হবে। মাটি সরানোর ক্ষেত্রে কোন ক্ষতি সাধিত হলে নিলাম গ্রহীতা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।

৬। মাটি সরিয়ে নেওয়ার সময় নদীর বার্ম এর সমতল হতে গভীর করে মাটি অপসারণ করা যাবে না।

৭। অকৃতকার্য অংশগ্রহণকারীর অগ্রিম জামানতের টাকা নিলাম প্রক্রিয়া চূড়ান্ত অনুমোদন পাওয়ার পর ফেরত দেওয়া হবে।

৮। নিলামযোগ্য মাটি সংগ্রহ/পরিবহন বাপাউবো, ডুমুরিয়া, খুলনা এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তত্ত্বাবধানে/নির্দেশনায় সম্পন্ন করতে হবে।

৯। মাটি সংগ্রহ কাজে ব্যবহৃত ট্রাক, ট্রলি, ভ্যান ইত্যাদি যাতে কোন স্ট্রাকচারের ক্ষতি করতে না পারে সেদিকে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে। স্ট্রাকচারের কোনরূপ ক্ষতি হলে কৃতকার্য দরদাতা উহা মেরামত করে দিতে বাধ্য থাকবে।

১০। নদীর তীরে অবস্থিত মসজিদ, মন্দির, শ্মশানঘাট ইত্যাদির নিকটবর্তী স্থান হতে মাটি নেয়া যাবে না।

১১। নির্ধারিত মাটির পরিমাণ হ্রাস-বৃদ্ধি হতে পারে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। যে কোন লটের মাটির নিলাম গ্রহণ বা বাতিল করার ক্ষমতা নিলাম কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। নিলাম ডাক সরকারী নীতিমালা অনুযায়ী পরিচালিত হবে।

02/10/26

মোঃ সোহেল রানা
সহকারী কমিশনার(ভূমি)
ডুমুরিয়া, খুলনা।

স্মারক নং- ৩১.৪৪.৪৭৭৫.০০০.৯৯.০১৪.২৬-১১৭২ -১২৬৯

তারিখ: ২২ আশ্বিন, ১৪৩৩
০৭ অক্টোবর, ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, খুলনা
২। প্রকল্প পরিচালক, "সালতা নদী পুনরুজ্জীবিত, দূষণমুক্তকরণ" বাপাউবো, খুলনা
৩। উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা
৪। অফিসার ইনচার্জ, ডুমুরিয়া থানা, ডুমুরিয়া, খুলনা
৫। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা
৬। উপজেলা কৃষি অফিসার, ডুমুরিয়া, খুলনা
৭। উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা

CamScanner

৮। উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ডুমুরিয়া, খুলনা
৯। উপ-সহকারী প্রকৌশলী(নির্মান), বিএডিসি, ডুমুরিয়া, খুলনা
১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা
১১। উপজেলা আইসিটি অফিসার, ডুমুরিয়া, খুলনা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)
১২। ইউপি প্রশাসনিক কর্মকর্তা, ১৩ নং গুটুদিয়া/ ১০ নং ভান্ডারপাড়া ইউনিয়ন পরিষদ, ডুমুরিয়া, খুলনা
১৩। জনাব সুরজিত পাল, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ডুমুরিয়া, খুলনা (নোটিশ বোর্ড)
১৪। অফিস কপি

০২।০৩।২৬

সহকারী কমিশনার(ভূমি)
ডুমুরিয়া, খুলনা।

CamScanner